

# বাংলা ট্রিবিউন

সঠিক সময়ে সঠিক খবর

## আমরা যেন সাহস না হারাই: মেয়র আনিসুল হক

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০৯ আগস্ট ২০১৬, ১৯:৪৪

গুলশান ও শোলাকিয়ায় সন্ত্রাসী হামলার পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক বলেছেন, ‘আমরা যেন সাহস না হারাই। বরং আমরা অন্যদের সাহস যোগাব। আর এ জন্য নগরবাসীকে আইনশৃঙ্খলা মেনে নিরাপত্তা বাড়ানোর কাজে সহযোগিতা করতে হবে।’

ডিএনসিসি’র ২ ও ৪ নম্বর অঞ্চল নিয়ে মতবিনিময় সভা

মঙ্গলবার ডিএনসিসি’র ২ ও ৪ নম্বর অঞ্চল নিয়ে আয়োজিত এক মতবিনিময় সভায় মেয়র এসব বলেন। ডিএনসিসি’র কমিউনিটি সেন্টারে আয়োজিত ওই সভায় মিরপুর, ইব্রাহিমপুর, কচুক্ষেত, কাফরুল, কাজীপাড়া, শেওড়াপাড়া, দারুস সালাম ও কল্যাণপুর এলাকার ভবনমালিক সমিতির প্রতিনিধি, দোকানমালিক, ব্যবসায়ী প্রতিনিধি ও শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। তারা নিজ-নিজ এলাকার সমস্যা মেয়রের সামনে তুলে ধরেন।

সভায় আগামী তিন বছরে সিটি করপোরেশনের ২ ও ৪ নম্বর অঞ্চলে সাড়ে ৬০০ কোটি টাকার উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের প্রতিশ্রুতি দেন মেয়র। তিনি বলেন, চলতি মাসের ১৪ তারিখের মধ্যে নগরীর পরিচ্ছন্নতা নিশ্চিত করা হবে।

×

অনুষ্ঠানে ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান প্রকৌশলী, প্রধান বর্জ্য-ব্যবস্থাপক, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, প্রধান রাজস্ব কর্মকর্তা, প্রধান সম্পত্তি কর্মকর্তা, অঞ্চল-২ ও অঞ্চল-৪ এর আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদ্বয় ও স্থানীয় কাউন্সিলরসহ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

ওএফ/এআরএল/

আরও পড়ুন:

[জঙ্গি হামলার শিকার হলে যা করণীয়](#)



বাংলা ট্রিবিউনের খবর পেতে গুগল নিউজে ফলো করুন



---

© 2025 Bangla Tribune Online Media

